



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম- ০৯ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার দুপুরে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। অভিযানকালে সিরাজদ্দৌলা রোডের চন্দনপুরা এলাকায় নালা ও ফুটপাথের উপর অবৈধভাবে নির্মিত ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। একই অভিযানে আন্দরকিল্লা বক্সিরবিট এলাকায় ফুটপাথ ও রাস্তার জায়গা অবৈধভাবে দখল করে দোকানের পন্য সামগ্রী জব্দ করে সর্বসাধারণের দূর্ভোগ সৃষ্টির দায়ে রেড চিকেন খাবারের দোকানের কাজল দাসকে ১০ হাজার, বনফুল মিষ্টির দোকানের মো. জিশানকে ১০ হাজার, বুলবুল স্টোর এর মো. সাইফুলকে ৫ হাজার, গাউছিয়া বিরানী হাউজ এর জামশেদকে ৫ হাজার, পর্দার দোকানের জয়নাল আবেদিনকে ৫ হাজার, ফলের দোকানের মো. আলাউদ্দিনকে ৫ হাজার, মো. তৈয়বকে ৫ হাজার, মো. হারুনকে ৫ হাজার. মো. জসিম উদ্দিনকে ৫ হাজার সহ সর্বমোট ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারি ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

যুব সমাবেশে রেড ক্রিসেন্ট চট্টগ্রামের সকল
সদস্যদের উপস্থিত থাকার আহ্বান জানান মেয়র

চট্টগ্রাম- ৯ জুলাই ২০১৮

আজ দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম সিটি ইউনিটের চেয়ারম্যান আ জ ম নাছির উদ্দীন এর সাথে তাঁর দপ্তরে ৫ম যুব সমাবেশ-২০১৮ নিয়ে এক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় মেয়র যুব সমাবেশ প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করেন এবং কর্মসূচিতে বিভিন্ন বিষয় নিয়ে দিক নির্দেশনা প্রদান করেন। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল শিক্ষা প্রতিষ্ঠান ও চট্টগ্রাম জেলার শিক্ষা প্রতিষ্ঠানে রেড ক্রিসেন্ট ইউনিট সমূহের অন্তর্ভুক্তি এবং যুব সমাবেশের অংশগ্রহণকারীদের প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করেন। এসময় আবদুল জব্বার, মহসিন উদ্দীন চৌধুরী ফয়সাঅল, সৈয়দ আদনান হোসেন, মো. ইসমাইল হক চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। মেয়র যুব সমাবেশে রেড ক্রিসেন্ট চট্টগ্রামের সকল সদস্যদের উপস্থিত থাকার আহ্বান জানান।

(প্রেস বিজ্ঞপ্তি)

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র দুর্লভ ছবি হস্তান্তর

চট্টগ্রাম- ৯ জুলাই ২০১৮

১৯৯১ সালে ২৯ এপ্রিল ভয়াল ঘূর্ণিঝড়ে সহায় সম্মলহীন দুস্থদের মাঝে খাদ্য বিতরণ করছেন বর্তমান প্রধানমন্ত্রী, তৎকালীন বিরোধী দলের নেত্রী শেখ হাসিনা। গতকাল রবিবার দুপুরে এ ছবিটি সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর নিকট হস্তান্তর করেন চট্টগ্রাম প্রেসক্লাব ও সাংবাদিক ইউনিয়নের স্থায়ী সদস্য ফটোসাংবাদিক শিশির বড়ুয়া। এই দুর্লভ ছবিটি হালিশহর ফইল্ল্যাতলী স্কুল মাঠ থেকে ধারণ করা হয়েছিল।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকের ২০১৮-১৯

অর্থ বছরের বাজেট ঘোষণা কাল

চট্টগ্রাম- ৯ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট আগামীকাল ১০ জুলাই ২০১৮ মঙ্গলবার দুপুর ১ টা ৩০ মিনিটে কর্পোরেশনের মিলনায়তনে ঘোষণা করা হবে। বাজেট ঘোষণা করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন